

## শিক্ষা বৃত্তি-২০১৬ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে দেশের মেধাবী দরিদ্র শিক্ষার্থী, অসচ্ছল মুক্তিযোদ্ধার মেধাবী পুত্র-কন্যা/তদীয় পুত্র-কন্যা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদানের নিমিত্ত নিম্নোক্ত শর্তে অনলাইনে সোনালী ব্যাংক লিমিটেডের ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করার আহ্বান করা যাচ্ছে :


- ১। ক) ২০১৫ সালে এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে বর্তমানে এইচএসসি বা সমমান পর্যায়ে অধ্যয়নরত এবং  
খ) ২০১৫ সালে এইচএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে বর্তমানে স্নাতক বা সমমান পর্যায়ে অধ্যয়নরত শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন।
- ২। ক) এইচএসসি/সমমান পর্যায়ে অধ্যয়নরত সাধারণ শিক্ষার্থী/মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ তদীয় পুত্র-কন্যাদের ক্ষেত্রে জিপিএ ৫.০০ এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের ক্ষেত্রে ন্যূনতম জিপিএ ৩.৫০ প্রাপ্ত হতে হবে।  
খ) স্নাতক / সমমান পর্যায়ে অধ্যয়নরত সাধারণ শিক্ষার্থী/মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ তদীয় পুত্র-কন্যাদের ক্ষেত্রে জিপিএ ৫.০০ এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের ক্ষেত্রে ন্যূনতম জিপিএ ৩.৫০ প্রাপ্ত হতে হবে।
- ৩। শুধুমাত্র দরিদ্র শিক্ষার্থী/প্রতিবন্ধী শিক্ষার্থী/অসচ্ছল মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ তদীয় পুত্র-কন্যা (যাদের পিতা/অভিভাবকের মাসিক আয় সর্বোচ্চ ১৫,০০০.০০ টাকার বেশী নয়) আবেদন করতে পারবেন।  
স্বচ্ছল ব্যক্তির সন্তানদের আবেদন করার প্রয়োজন নেই।
- ৪। বৃত্তির পরিমাণ এককালীন ১০,০০০.০০ (দশ হাজার) টাকা।
- ৫। আগ্রহী প্রার্থীদেরকে আগামী ০৭-১২-২০১৬ হতে ২১-১২-২০১৬ তারিখের মধ্যে এ ব্যাংকের ওয়েবসাইট [www.sonalibank.com.bd/csr](http://www.sonalibank.com.bd/csr) এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। প্রার্থীগণকে আবেদন ফরম পূরণের নির্দেশনা (এ ব্যাংকের ওয়েবসাইটে দেয়া আছে) মোতাবেক যথাযথভাবে পূরণ করতে হবে।

- ৬। প্রাথমিকভাবে নির্বাচিত আবেদনকারীদের তালিকা যথাসময়ে সোনালী ব্যাংক লিমিটেড এর ওয়েবসাইটে এবং জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হবে।

প্রাথমিকভাবে নির্বাচিত আবেদনকারীদেরকে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সরবরাহ করতে হবে :

(ক) প্রাথমিক বাছাইয়ে নির্বাচিত আবেদনকারী কর্তৃক প্রিন্টকৃত Online Application Form (শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের স্বাক্ষর ও সীলমোহরযুক্ত সুপারিশসহ) এবং এর এক সেট ফটোকপি ; (খ) বর্তমানে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/ বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত অধ্যয়ন সনদ ; (গ) একাডেমিক ট্রান্সক্রিপ্ট/সনদ এর সত্যায়িত কপি ; (ঘ) নাগরিকত্ব সনদ ; (ঙ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন হতে শিক্ষার্থীর অভিভাবকের মাসিক আয় সংক্রান্ত প্রত্যয়নপত্র (অভিভাবকের পেশা এবং আনুমানিক মাসিক আয় উল্লেখ থাকতে হবে) ও চাকুরীরত অভিভাবকদের পদবী ও বেতন স্কেল উল্লেখসহ সংশ্লিষ্ট অফিস প্রধান কর্তৃক বেতনের প্রত্যয়নপত্র;(চ) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ ও মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণক হিসেবে ইউপি চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশন ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর সঙ্গে সম্পর্ক সংক্রান্ত সনদ এবং (ছ) প্রতিবন্ধীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর/জেলা সমাজসেবা কার্যালয়/ উপজেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সনদ।

- ৭। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ৮। বৃত্তি মনোনয়নে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।



ডেপুটি জেনারেল ম্যানেজার  
মানব সম্পদ উন্নয়ন বিভাগ  
সোনালী ব্যাংক লিমিটেড  
প্রধান কার্যালয়, ঢাকা।